গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
এমআইএস

## ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | কমান্ডার মোহাম্মদ মাহমুদুল হাসান খান, (এইচ২), পিএসপি, বিএন<br>চীফ হাইড্রোগ্রাফার, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম। |
| সভার তারিখ | জানুয়ারী ০২, ২০২৩ ইং |
| সভার সময় | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | সভাকক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’-উপস্থিতি শিট। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, সভার প্রারম্ভে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম পুনর্গঠনের প্রেক্ষাপট সকলকে অবহিত করেন। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকের সার্বিক মূল্যায়নে ইনোভেশন কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন এবং সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমে গতিশীলতা আনয়নে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার বিষয়টি সকলকে অবহিত করেন। ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কার্যক্রমের কর্মপরিকল্পনার বিপরীতে অর্জিত অগ্রগতি ও করণীয় বিষয়ে টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভার বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | [১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | পায়রা বন্দর কর্তৃপক্ষের বিভাগসমূহ বিভিন্ন সেবা প্রদান করে, নানাবিধ সিস্টেম/যন্ত্রপাতি স্থাপন করে থাকে এবং এগুলোর পরিচালন ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। সেবা প্রদান, সিস্টেম স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের সুবিধার্থে **সার্ভিস ম্যানেজমেন্ট সফটওয়্যার** বাস্তবায়ন করা হচ্ছে। বিদ্যমান বিভাগ ভিত্তিক দৈনন্দিন কর্মসম্পাদন বা টাস্কিং, স্টেশনারী চাহিদাপত্র, গাড়ি রিকুইজিশন সিস্টেম-কে **সার্ভিস ম্যানেজমেন্ট সফটওয়্যার** ডিজিটালাইজ করবে।<br><br>কাজের বর্তমান অগ্রগতি সম্পর্কে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ সভাকে অবহিত করেন যে, জানুয়ারি ৩১ তারিখের মধ্যে সফটওয়্যারটি চালু করা যাবে।<br><br>যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে পর্যাপ্ত প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করা হয়। | **সার্ভিস ম্যানেজমেন্ট সফটওয়্যার** শীর্ষক সেবা ডিজিটাইজেশন প্রকল্পটি জানুয়ারি ৩১ তারিখের মধ্যে চালু করতে হবে।<br><br>সফটওয়্যার ব্যবহারকারী সংশ্লিষ্ট বিভাগগুলোর কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রশাসন বিভাগের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। | এমআইএস বিভাগ<br><br>জানুয়ারি ৩১, ২০২৩ ইং |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা ডাটাবেজ প্রস্তুতকৃত<br><br>[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালুকৃত | পায়রা বন্দর কর্তৃক ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্থ নাগরিকদের পূনর্বাসন প্রশিক্ষণ ব্যবস্থাপনা সহজীকরণ ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে এবং সেবাসমূহ চালু আছে।<br><br>ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা ডাটাবেজটি লজিক্যাল ও ফিজিক্যাল ডেটাবেইজ ডিজাইন, ওয়েবসাইট ডিজাইন, ডেটা আপলোড, ভিউ ডিজাইন, টেস্টিং ইত্যাদি কার্য সম্পন্ন করা হয়েছে। বেসরকারি সার্ভার হতে সরকারি সার্ভারে স্থানান্তর করা হয়েছে এবং পায়রা বন্দরের ওয়েবসাইটে ডেটাবেইজটি সংযুক্ত করা হয়েছে।<br><br>ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে পায়রা বন্দরের সকল বিভাগের ইন-হাউজ প্রশিক্ষণ ব্যবস্থাপনা করার জন্য নির্বাহী প্রকৌশলী (জেটি) (অঃ দাঃ) প্রস্তাব করেন। | ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে পায়রা বন্দরের সকল বিভাগের ইন-হাউজ প্রশিক্ষণ ব্যবস্থাপনা করার উদ্যোগ গ্রহণ করা হবে। | ডিআইএসএফ প্রকল্প ও এমআইএস বিভাগ |
| ৩ | [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ২০২২ সালের ই-নথি ও হার্ডনথি ব্যবহারের প্রতিবেদন পর্যালোচনায় পাবকের সার্বিক অগ্রগতি পরিলক্ষিত হয় এবং ই-নথির ব্যবহারে বিশেষত ইলেকট্রিক্যাল, মেক্যানিক্যাল, পিপিএফটি ও নিরাপত্তা বিভাগের দ্রুত উন্নতির দিকটি উল্লেখ করা হয়।<br><br>উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ সভাকে অবহিত করেন যে সকল বিভাগ ই-নথি ব্যবহারে আশানুরূপ অগ্রগতি অর্জন করতে পারছে না সে সকল বিভাগকে ই-নথি ব্যবহারে আরো উদ্যোগী হওয়ার আহ্বান করে পত্রজারি করা হয়েছে।<br><br>সংস্থা পর্যায়ে ই-নথির ব্যবহার কমপক্ষে **৮৫%** অর্জন করার জন্য এমআইএস বিভাগের পক্ষ থেকে ই-নথি ব্যবহারের কলা-কৌশলের উপর প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব করা হয়। | সকল বিভাগকে ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তি ৮৫% করতে হবে।<br><br>সংশ্লিষ্ট বিভাগগুলোর কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রশাসন বিভাগের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করা হবে। | সকল বিভাগ<br><br>এমআইএস বিভাগ ও প্রশাসন বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | [১.৪.১] ৪র্থ শিল্প বিল্পবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণীত<br><br>[১.৪.২] ৪র্থ শিল্প বিল্পবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন। | ৪র্থ শিল্প বিল্পবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের বিষয়ে a2i বা UNIDO বা দেশী/বিদেশী প্রতিষ্ঠান যারা ৪র্থ শিল্প বিপ্লব নিয়ে কাজ করে থাকে সে সকল প্রতিষ্ঠানের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে কর্মশালার আয়োজনের বিষয়ে প্রস্তাব করা হয়।<br><br>উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, সভাকে জানান যে 4IR প্রযুক্তির ব্যবহার করে প্রকল্প বাস্তবায়ন করতে হলে বিষয়ভিত্তিক বিস্তারিত প্রশিক্ষণ নিতে হবে এবং সংশ্লিষ্ট ম্যানুফ্যাকচারারদের কাছ থেকে এ বিষয়ে প্রশিক্ষণ নিতে হবে। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) বন্দরের মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত স্মার্ট পোর্ট সংক্রান্ত প্রতিবেদনের আলোকে 4IR প্রযুক্তি সংক্রান্ত প্রকল্প বাছাই করে প্রশিক্ষণ নির্বাচন করার প্রস্তাব করেন। | a 2 i হতে প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হবে।<br><br>দেশী/বিদেশী প্রতিষ্ঠান হতে ভিডিও কনফারেন্সি এর মাধ্যমে কর্মশালা গ্রহণের আয়োজন করা হবে।<br><br>মাস্টার প্ল্যানের সকল প্রতিবেদন টীমের সকলের সাথে শেয়ারের সিদ্ধান্ত গৃহীত হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম |
| ৫ | [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে] | তথ্য বাতায়ন হালনাগাদকরণ করা বিষয়ে উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, সভাকে জানান যে পাবকের তথ্য বাতায়ন প্রতিনিয়ত হালনাগাদকরণ করা হয়ে থাকে এবং তথ্য বাতায়নের হালনাগাদকৃত ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) নৌপরিবহণ মন্ত্রণালয়ে এবং এপিএ টিম বরাবর প্রেরণ করা হয়ে থাকে। | নিয়মিত পাবকের তথ্য বাতায়ন হালনাগাদকরণ করা হয়।<br><br>পাবকের তথ্য বাতায়নের হালনাগাদকৃত ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) নৌপরিবহণ মন্ত্রণায়ল এবং এপিএ টিম বরাবর প্রেরণ করা হয়। | এমআইএস বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | [২.২.১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন<br><br>[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত<br><br>[২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত<br><br>[২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত<br><br>[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম, ওয়াটার রিকুইজিশন সিস্টেম এবং ই-নথির উপর প্রশিক্ষণ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেমের উপর ২টি প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। ওয়াটার রিকিউজিশন সিস্টেমের উপর ১ টি প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় এবং ই-নথির উপর ১ টি প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>কম্পিউটার সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থ দিয়ে সেবা ডিজিটালাইজেশন (সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এছাড়া এ সফটওয়্যারের উপর প্রশিক্ষণ ও 4IR সম্পর্কিত প্রশিক্ষণ /কর্মশালায় ব্যয়িত অর্থ ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ব্যয়িত হচ্ছে।<br><br>কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে জানুয়ারি ১৫, ২০২৩ ইং তারিখের মধ্যে প্রেরণ করা হবে।<br><br>পায়রা বন্দর কর্তৃপক্ষের কোন আওতাধীন দপ্তর/সংস্থা নেই।<br><br>বাস্থবক এর বেনাপোল স্থল বন্দরের ই-পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেমটি পরিদর্শন করার জন্য প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করা হয়েছে। মে ৩১, ২০২৩ তারিখের মধ্যে পরিদর্শন সম্পন্ন করা হলে ১০০% স্কোর অর্জন করা যাবে। | সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেমের উপর ২টি প্রশিক্ষণ গ্রহণের আয়োজন করা হবে। ওয়াটার রিকুইজিশন সিস্টেমের উপর ১ টি প্রশিক্ষণ গ্রহণের আয়োজন করা হবে এবং ই-নথির উপর ১ টি প্রশিক্ষণ গ্রহণের আয়োজন করা হবে।<br><br>কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে জানুয়ারি ১৫, ২০২৩ ইং তারিখের মধ্যে প্রেরণ করা হবে।<br><br>ইনোভেশন টীম বেনাপোল স্থল বন্দর পরিদর্শন সম্পন্ন করবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম<br><br>উপ-পরিচালক, (প্রোগ্রামার), এমআইএস বিভাগ<br><br>উপ-পরিচালক, (ব্রেকবাল্ক), পরিবহন বিভাগ |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সংযুক্তিঃ পরিশিষ্ট ‘ক’-উপস্থিতি শিট

কমান্ডার মোহাম্মদ মাহমুদুল হাসান খান,
(এইচ২), পিএসপি, বিএন
চীফ হাইড্রোগ্রাফার, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও
ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন
টীম।

স্মারক নম্বর: ১৮.২১.৭৮৬৬.০০৬.০৫.০০১.২০.১১

তারিখ: ২৪ পৌষ ১৪২৯
০৮ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-পরিচালক (ব্রেক বাল্ক), পরিবহণ, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।
২) যুগ্ম পরিকল্পনা প্রধান (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।
৩) পাইলট, মেরিন এন্ড কনজারভেন্সী, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।
৪) নির্বাহী প্রকৌশলী (জেটি) (অতিরিক্ত দায়িত্ব), সিভিল, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।
৫) সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ইলেক্ট্রিক্যাল, পায়রা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।

মোহাম্মদ ছোয়াদরুল আমিন
উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ
ও সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টীম।

**ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের সভার উপস্থিতি:**

স্থান : সভাকক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।

তারিখ : ০২ জানুয়ারী, ২০২৩ ইং।

সময় : দুপুর ১২:০০ ঘটিকা।

| ক্র. নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | কমান্ডার মাহমুদুল হাসান<br>চীফ হাইড্রোগ্রাফার | 01769761759 | [signature] 02/1/23 |
| ২। | আজিজুর রহমান<br>উপপরিচালক (ট্রাফিক) | 01714590505 | [signature] 02/01/22 |
| ৩। | মোহাম্মদ মোস্তাফিজুর রহমান আকন্দ<br>উপ-পরিচালক, এমআইএস | 01714-094927<br>dd.mis@ppa.gov.bd | [signature] 02/01/23 |
| ৪। | মোহাম্মদ আলী<br>জুনিয়র কম্পিউটার প্রধান সহঃ | 01728017052 | [signature] 02/01/22 |
| ৫। | এস.এম. ওমর ফারুক<br>নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক) (অ.দা.) | 01920855107 | [signature] 02/01/2023 |
| ৬। | মো: আসাদুল্লাহ আকিক | 01609975220 | Asadulla 02/01/2023 |
| | | | |